2020/TDC(CBCS)/ODD/SEM/
BNGHCC–303T/364

**TDC (CBCS) Odd Semester Exam., 2020**
**held in March, 2021**

# BENGALI

**( 3rd Semester )**

Course No. : BNGHCC–303T

**( বাংলা আত্মকথা ও প্রবন্ধ )**

*পূর্ণমান: ৭০*

*উত্তীর্ণমান : ২৮*

*সময় : ৩ ঘণ্টা*

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

১। যে কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) রাসসুন্দরীর জন্ম কবে এবং কোথায় হয়েছিল?

(খ) রাসসুন্দরীর পিতার নাম কী? পিতার মৃত্যুর সময় তাঁর বয়স কত ছিল?

(গ) কোন্ গ্রামে রাসসুন্দরীর বিয়ে হয়? রাসসুন্দরী কোন্ গ্রন্থ পাঠ করার স্বপ্ন দেখেছিলেন?

(ঘ) "রাসসুন্দরীর লেখার মধ্যে অনেকগুলি কবিতা রয়েছে।" কবিতাগুলির দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

(ঙ) অবনীন্দ্রনাথ ঠাকুরের 'আপনকথা' ছাড়া অন্য যে কোনো দুটি গ্রন্থের নাম উল্লেখ করো।

(চ) "একেবারে রাতের অন্ধকারের মতো কালো ছিল আমার দাসী।" দাসীর নাম কী? উক্তিটি কার?

(ছ) "তখনও বাড়িতে জলের কল বসেনি। রাস্তার ধারে ধারে টানা নহর বয়ে কলের জল আসে।" রচনাংশটি 'আপনকথা' গ্রন্থের কোন্ পরিচ্ছেদের অন্তর্গত? 'নহর' শব্দটির অর্থ কী?

(জ) "ঠিক কত বয়েস তা মনে নেই কিন্তু এবারে একটা চাকর পেলেম আমি।" চাকরের নাম কী? তার বাড়ি কোথায়?

(ঝ) ক্লাসিক সাহিত্য ও আধুনিক সাহিত্যের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

(ঞ) কোন্ পত্রে এবং কে প্রমথ চৌধুরীকে 'উদাসীন গ্রন্থকীট' বলে অভিহিত করেছেন?

(ট) অলংকার শাস্ত্রের দুজন আলংকারিকের নাম উল্লেখ করো।

(ঠ) "সাহিত্যের স্বাস্থ্যরক্ষা বাক্যটি সম্পূর্ণ নিরর্থক।" উদ্ধৃত অংশটি কোন্ প্রবন্ধের অন্তর্গত? প্রবন্ধটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

(ড) 'দুশো বছরের বাংলা প্রবন্ধ সাহিত্য' গ্রন্থের যে কোনো দুজন সম্পাদকের নাম লেখো।

(ঢ) 'শিল্পকলার কথা' প্রবন্ধটির লেখক কে? শিল্প বা আর্ট কী?

(ণ) সঙ্গীতকে শূদ্র বলা হয়েছে কেন?

(ত) 'বই কেনা' প্রবন্ধটির লেখক কে? লেখকের মতে বিশ্বে বই-এর প্রকৃত সম্মান কোন্ দেশে রয়েছে?

(থ) বেগম রোকেয়ার জন্মস্থান কোথায়? তাঁর পিতার নাম কী?

(দ) রোকেয়ার স্বামীর নাম কী? তিনি কী চাকরি করতেন?

(ধ) রোকেয়া রচিত উপন্যাসটির নাম কী? উপন্যাসটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

(ন) রোকেয়ার জন্ম সাল ও মৃত্যু সাল উল্লেখ করো।

## SECTION—B

য় কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

২। আত্মজীবনী হিসেবে রাসসুন্দরী দাসীর 'আমার জীবন' গ্রন্থটির সার্থকতা বিচার করো।

৩। "ইহার ধর্ম বাহ্যিক আচার অনুষ্ঠানে আড়ম্বরে পর্যবসিত নহে, ইহার ধর্ম জীবন্ত আধ্যাত্মিক ধর্ম।" এই মন্তব্যের আলোকে রাসসুন্দরী দাসীর ধর্মীয় ভাবনার পরিচয় দাও।

৪। 'বই পড়া' প্রবন্ধে লেখক প্রমথ চৌধুরী আমাদের দেশের শিক্ষা ব্যবস্থা সম্পর্কে যে অভিমত প্রকাশ করেছেন তার [illegible] সম্পর্কে আলোচনা করো।

৫। "আলংকারিকদের মতে অশ্লীলতা একটি দোষ; কেননা তা কাব্যের রূপ নষ্ট করে।" প্রাবন্ধিকের অনুসরণে বিষয়টির তাৎপর্য বিশ্লেষণ করো।

৬। "অবনীন্দ্রনাথের গদ্যরীতির মধ্যে ছিল এক অনায়াস সারল্য। সেজন্য তিনি শিশুসাহিত্যিক হিসাবে খ্যাতি পেয়েছেন।" সমালোচকের এই মন্তব্যের আলোকে 'আপনকথা' গ্রন্থটির গদ্যরীতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৭। 'আপনকথা' গ্রন্থটির 'সাইক্লোন' অধ্যায়টির মূল বক্তব্য আলোচনা করো।

৮। "তাঁহার রাজসিকতা তামসিকতারই বলদৃপ্ত প্রচণ্ড প্রতিবাদ।" 'মধুসূদনের রাজসিকতা' প্রবন্ধ অবলম্বনে বিষয়টি আলোচনা করো।

৯। "জাতীয় জীবনের উৎকর্ষ ধর্ম, সমাজবোধ ও সাহিত্যরূপী যে ত্রিধারার উপর বিশেষভাবে নির্ভরশীল, উহারাই সংস্কৃতির মূলে রস সিঞ্চনের প্রধান হেতু।" এই উক্তির আলোকে 'সংস্কৃতির স্বরূপ' প্রবন্ধটির সারকথা লেখো।

১০। "বেগম রোকেয়ার 'অবরোধবাসিনী' গ্রন্থটি আসলে নক্সাধর্মী রচনা।" আলোচনা করো।

১১। 'অবরোধবাসিনী' গ্রন্থে বেগম রোকেয়া অবরোধের নিষ্পেষণে নারীকে অবদমিত করার যে চিরাচরিত প্রথা সে বিষয়ে আলোকপাত করেছেন। গ্রন্থ অবলম্বনে বিষয়টি আলোচনা করো।

* * *